নির্বাচনে বিজয়ী হয়ে নৌকার প্রার্থী গেলেন বিএনপি প্রার্থীর অফিসে

গত রবিবার কালীগঞ্জ পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। মেয়র পদে দ্বিতীয়বারের মতো মেয়র নির্বাচিত হয়েছেন বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
নির্বাচিত হওয়ার পরদিন গতকাল সোমবার সন্ধ্যা আটটার দিকে প্রতিদ্বন্দী প্রার্থী বিএনপি মনোনীত ধানের শীষ প্রতীকের মাহবুবার রহমানের অফিসে গিয়ে সৌজন্যে সাক্ষাৎ করেন বিজয়ী নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ।
এ সময় দু’জনকেই বেশ হাস্যেজ্জ¦ল দেখা যায়। একে অপরের সাথে কুশল বিনিময় করেন। ভোটের আগেও নৌকা প্রতীকের প্রার্থী আশরাফুল আলম আশরাফ বিএনপি প্রার্থী অফিসের গিয়ে দোয়া ও ভোট প্রার্থনা করেন। নৌকা প্রতীকের মোঃ আশরাফুল আলম আশরাফ বলেন, নির্বাচনে যে কেউ প্রার্থী হতে পারে। কালীগঞ্জ পৌরবাসীর উন্নয়নে সবার সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। সবাই ভেদাভেদ ভুলে কাজ করবো। সবাই আমার জন্য দোয়া করবেন।
গত রোববার অনুষ্ঠিত কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে ১৯ হাজার ৪২৭ ভোট পেয়ে মেয়র নির্বাচিত হন নৌকা প্রতীকের আশরাফুল আলম আশরাফ। তার নিকটতম প্রতিদ্বন্দী ধানের শীষ প্রতীকের মাহাবুবার রহমান পেয়েছেন ৩ হাজার ১৫০ ভোট।

দামুড়হুদার আব্দুল কাবিল হুজুরের মৃত্যু

দামুড়হুদা উপজেলার গুলশান পাড়ার হাফেজ আ: কাবিল ইন্তেকাল করেছেন (ইন্নাইল্লাহি……রাজিউন)।
জানা যায়, গতকাল সোমবার ভোর রাত ৪টার দিকে ঢাকা শেওড়াপাড়ার বড়

মেয়ের বাড়িতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।
জানা গেছে, দামুড়হুদা উপজেলার গোবিন্দহুদা গ্রামের মৃত কারি আ: করিমের
ছেলে হাফেজ আ: কাবিল দামুড়হুদার গুলশান পাড়ায় নিজ বাড়িতে বসবাস করতো। তিনি বিভিন্ন ব্যবসাও করতেন। বরিশালের চরমোনার পির সাহেবের ওরশ মেবারক শেষে তিনি ঢাকায় যান। গত রোববার বড় মেয়ের বাড়িতে যান। রাতে খাওয়া দাওয়া শেষে ঘুমানোর সময় শারীরিক ভাবে অসুস্থ হয়ে পড়ে। তাকে ঢাকা ইউনাইটেড হাসপাতালে নেওয়ার পথে তিনি মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিলো ৫৮বছর।
তিনি স্ত্রী, তিন মেয়েসহ বহু গুণাগ্রাহী রেখে গেছেন। গতকাল সোমবার বাদ আছর দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে জানাজা শেষে দামুড়হুদা ব্রাকমোড় কবরস্থানে তার দাফন কার্য সম্পন্ন হয়। তার জানাজা নামাজে দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু, চুয়াডাঙ্গা জেলা জামাতের আমির আনোয়ারুল হক মালিক, সেক্রেটারি অ্যাড. রুহুল আমিন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান শরিফুল আলম মিল্টন, দামুড়হুদা উপজেলা যুবলীগনেতা সেলিম উদ্দিন বগা, দেশ ইট ব্রিক্সের পরিচালক হাজি আ: কাদির, বিশিষ্ট ব্যবসায়ী হাজি আ: সবুর, মাও. আ: ছাত্তারসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করেন।
তারা শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন।

দামুড়হুদায় হঠাৎ দেখা মিললো শানকার কারিগর মোতালেবের

দামুড়হুদায় হঠাৎই দেখা মিললো শানকার কারিগর এর। সিলেট হবিগঞ্জের ভ্রাম্যমাণ কারিগর মোতালেব ছুরি, দা, কাঁচি, বটি, শিল-পাটায় ধার দিয়ে আসছেন দীর্ঘ ১২ বছর ধরে।
দামুড়হুদা উপজেলা সদরের চৌ-রাস্তার মোড়ে মানুষ হবিগঞ্জ জেলা শহর থেকে আসা শান কারিগরের নিকট দা, বটি, কাচি, শিল- পাটা ইত্যাদি শান দেওয়ার জন্য ভীড় জমিয়ে রয়েছেন। কিছুক্ষণ পরই দেখা গেলো শান দেওয়া মেশিনের প্যাডেল ঘুরিয়ে ছুরিতে ধার দেওয়া শুরু

করলেন মোতালেব। ওই ছুরি ধার দেওয়ার মাঝেই বাজারের বেশ কিছু দোকান ও বাসাবাড়ি থেকে দা-ছুরি- বটি, ইত্যাদি ধার দেওয়ার জন্য নিয়ে এনেছেন। শান কারিগর প্রতিটি বটি, চাকু শান বা ধার দেবার জন্য ২০ টাকা, দা-কাঁচি শান দিতে নিচ্ছেন ৪০ টাকা ও শিল বাটা শান দিতে নিচ্ছেন ১০০ টাকা করে।
এ বিষয়ে বাজারের ব্যবসায়ী মনিরুল ইসলাম বলেন- আমি একটি ফল কাটার চাকু ধার দিলাম মাত্র ১০ টাকায়।
শান কারিগর মেহেরপুর প্রতিদিনকে বলেন – আমি দীর্ঘ ১২ বছর ধরে এ পেশার সাথে রয়েছি। আমরা বাড়ি সিলেটের হবিগঞ্জ জেলাতে। বাংলাদেশের বিভিন্ন জেলাতে আমি কাঁধে করে শান মেশিন নিয়ে মানুষের দৌড় গোড়ার পৌঁছে দিচ্ছি এ সেবা।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

নৈরাজ্য সৃষ্টির অভিযোগ তুলে মেহেরপুরের গাংনীতে বিএনপি জামায়াত ও ছাত্রদলের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগ। গতকাল সোমবার দুপুর ১ টায় গাংনী হাসপাতাল বাজার থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে শেষ হয়। বিক্ষোভ মিছিল ও সভায় ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা, মেহেরপুর জেলা ছাএলীগের সহ-সভাপতি ফয়সাল জাহান শিশির, হুমায়ন কবির লিখন, ফিরোজ আহমেদ, সাংগঠনিক সম্পাদক রাইহানুর জামান নিরব, মানব উন্নয়ন বিষয়ক সম্পাদক মাসুদ রানা মিল্টন, জেলা ছাত্রলীগের সহ-সভাপতি তপু রায়হান রবিন, যুগ্ম-সাধারণ সম্পাদক, উপ-দপ্তর সম্পাদক শাহিন রেজা, মোঃ লিজন হোসেন, সজীব ওয়াজেদ জয় পরিষদের সাধারণ সম্পাদক মোঃ আশিকুর জামান সবুজ, ছাত্রলীগ নেতা শুভ আহমেদ, নাছিম আহমেদ, ইমন আহমেদ, শিশির, সাহারুল, তোহিদ, শামিম, আরাফাত, তুষার ইমরান, সাব্বিরসহ বিভিন্ন পর্যায়ের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় যুবকদের জনসচেতনতামূলক প্রশিক্ষণ

দামুড়হুদায় সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। জানা গেছে, গত রবিবার দামুড়হুদা উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আযোজনে ও পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের সহযোগিতায় পরিষদের সভা কক্ষে সামাজিক কর্মকাণ্ড ও স্বেচ্ছাসেবামূলক কাজে যুবকদের ভূমিকা শীর্ষক জনসচেতনতামূলক প্রশিক্ষণটি দামুড়হুদা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুল্লাহ আল-মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এস,এ,এম জাকারিয়া আলম, স্থানীয় নেতৃবৃন্দসহ কোর্স প্রশিক্ষণার্থীরা।

শৈলকুপাতে রাস্তায় নারীকে পিটিয়ে আহত

ঝিনাইদহের শৈলকুপায় সানজিদা খাতুন (৩০) নামের এক নারীকে পিটিয়ে আহত করেছে সন্ত্রাসীরা। ঘটনাটি গত রবিবার বিকাল ৩টার দিকে উপজেলা ৫নং কাঁচেরকোল ইউনিয়নের কাঁচেরকোল ভোট কেন্দ্রের দক্ষিণ দিকের রাস্তায়। উপজেলার উপ-নির্বাচনে ভোট দিতে আসার সময় তাকে পিটিয়ে আহত করা হয় ও তার কাছ থেকে স্বর্ণালংকার ছিনিয়ে নেওয়া হয় বলে অভিযোগ করেন আহত নারীর পরিবার। ঘটনার পর স্বজনরা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।
আহত নারীর পিতা মো: ওমর আলী জানান, তিনি গত শনিবার জামাই বাড়ি

বেড়াতে আসেন। তার জামাই ও পরিবারের সদস্যরা আওয়ামী লীগের রাজনীতির সাথে জড়িত। মেয়ে সানজিদা বিকাল ৩টার দিকে ভোট দিতে আসার সময় একই গ্রামের বিভিন্ন অপকর্মের সাথে জড়িত মনিরুজ্জামান মনির, তার পিতা আকবর ও নানা ডাবলু শেখ তাকে পিটিয়ে গুরুতর আহত করে তার কানের দুল, হাতের চুরি ছিনিয়ে নেয়। পরে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। শৈলকুপা থানার সেকেন্ড অফিসার মোঃ আমিরুজ্জামান বলেন অভিযোগ পেয়েছি তদন্ত করতে কচুয়া তদন্ত কেন্দ্রের টু আই সি কে দিয়েছি সত্যতা পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

রাবিতে ভর্তি পরীক্ষা ১৪ জুন

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে। আগামী ১৪ জুন থেকে এ ভর্তি পরীক্ষা শুরু হবে।

সোমবার শহীদ সৈয়দ নজরুল ইসলাম প্রশাসন ভবনের কনফারেন্স রুমে উপাচার্য প্রফেসর এম আব্দুস সোবহানের সভাপতিত্বে অনুষ্ঠিত ভর্তি উপ-কমিটির এক সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ তথ্য নিশ্চিত করেছেন রাবি জনসংযোগ দপ্তরের প্রশাসক প্রফেসর ড. মো. আজিজুর রহমান।

জনসংযোগ প্রশাসক জানান, সিদ্ধান্ত অনুযায়ী ১৪ জুন ২০২১ তারিখে C ইউনিট, ১৫ জুন ২০২১ তারিখে A ইউনিট ও ১৬ জুন ২০২১ তারিখে B ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিদিন ৩ শিফটে সকাল ৯:৩০ থেকে ১০:৩০ মিনিট; দুপুর ১২ থেকে ১টা ও বিকেল ৩ থেকে ৪টা পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এদিকে ভর্তির জন্য অনলাইনে প্রাথমিক আবেদন ৭ মার্চ দুপুর ১২টা থেকে ১৮ মার্চ রাত ১২টা পর্যন্ত গ্রহণ করা হবে। প্রাথমিক আবেদন বাছাই শেষে ২৩ মার্চ বেলা ১২টা থেকে ৩১ মার্চ রাত ১২টা পর্যন্ত চূড়ান্ত আবেদন করা যাবে।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট

www.ru.ac.bd-এর admission মেন্যুতেও দেখা যাবে।

অভিনেত্রীর কন্টাক্ট লেন্স রোদে গলে গেল , বিমানে ঢাকায়

কক্সবাজার সমুদ্র সৈকতে একটি ফ্যাশন হাউজের ফটোশুট করতে গিয়ে দুর্ঘটনার শিকার হয়েছেন চিত্রনায়িকা তানহা তাসনিয়া। তার চোখে লাগানো কন্টাক্ট লেন্স কড়া রোদের তাপে গলে গিয়েছে। যার ফলে তার চোখ ক্ষতিগ্রস্ত হয়েছে।

বর্তমানে সব কাজ বন্ধ রেখে বিশ্রামে রয়েছেন এই তারকা।

পুরো ঘটনার বর্ণনা দিয়ে তানহা তাসনিয়া সাংবাদিকদের বলেন, ‘গত বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারি) কক্সবাজারে রোদের মধ্যে ফটোশুট করছিলাম। একে তো কড়া রোদ এরপর লাইট বোর্ডের তাপ! শুটে যাওয়ার কিছুক্ষণ পরই আমি বুঝতে পারি তীব্র তাপে আমার চোখের কন্টাক্ট লেন্স গলে গেছে। সঙ্গে সঙ্গে আমি লেন্স খুলে ফেলি। তৎক্ষণাৎ কিছুই দেখতে পারছিলাম না। দৃষ্টি একেবারে ঘোলা হয়ে যায়। এরপর শুটিং থেকে ওইদিনই প্লেনে করে ঢাকায় এসে চিকিৎসকের কাছে যাই। চিকিৎসক চোখে ব্যান্ডেজ করে মেডিসিন দিয়ে বিশ্রামে থাকতে বলেন।
‘

তিনি আরও বলেন, ‘চারদিন পরও ভালোভাবে দেখতে পাচ্ছি না। বাম চোখে বেশি ক্ষতি হয়েছে। তবে আগের চেয়ে অবস্থার কিছুটা উন্নতি হয়েছে। চিকিৎসক বলেছেন কয়েক সপ্তাহ বিশ্রাম নিলেই দৃষ্টি আস্তে আস্তে আগের মতো স্বাভাবিক হয়ে যাবে। নিয়মিত চোখের মেডিসিন নিচ্ছি। সবার কাছে দোয়া চাইছি। ‘

তানহা তাসনিয়া জানান, তিনি যে কন্টাক্ট লেন্সটি ব্যবহার করেছেন, সেটা নামী একটি ব্যান্ডের। এর আগেও বহুবার রোদে একই কোম্পানির কন্টাক্ট লেন্স পরে তিনি শুটিং করেছেন। কিন্তু এবারের মতো দুর্ঘটনা আর কখনো ঘটেনি।

তানহা তাসনিয়া সম্প্রতি চিত্রনায়ক ইমনের বিপরীতে ‘বিয়ে আমি করবো না’ নামের একটি সিনেমার শুটিং সম্পন্ন করেছেন। খুব শিগগিরই একই নায়কের সঙ্গে নাম ঠিক না হওয়া আরও একটি সিনেমায় অভিনয় করতে যাচ্ছেন তিনি। এছাড়া তার অভিনীত ও কাজল আরিফিন অমি পরিচালিত ‘আইসিইউ’ নাটকটি প্রচারে আসছে।

মাদক মামলায় ইরফান সেলিমকে অব্যাহতি

সংসদ সদস্য হাজী মোহাম্মদ সেলিমের ছেলে ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ৩০ নম্বর ওয়ার্ড (বরখাস্ত) কাউন্সিলর ইরফান সেলিমকে মাদকের মামলা থেকে অব্যাহতি দিয়েছেন আদালত।

সোমবার ঢাকা মহানগর হাকিম শাহিনুর রহমান চূড়ান্ত প্রতিবেদন গ্রহণ করে তাকে অব্যাহতি দেন।

এর আগে ৫ জানুয়ারি ইরফানকে অব্যাহতির সুপারিশ করে মাদক ও অস্ত্র মামলায় চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে পুলিশ।

গত ১৮ ফেব্রুয়ারি অস্ত্র মামলার চূড়ান্ত প্রতিবেদনটি গ্রহণ করে ওই মামলা থেকে ইরফান সেলিমকে অব্যাহতি দেওয়া হয়।

গত বছরের ২৫ অক্টোবর সন্ধ্যার পর ধানমণ্ডির কলাবাগান ক্রসিংয়ের কাছে হাজি সেলিমের গাড়ি থেকে বের হয়ে নৌবাহিনীর কর্মকতা লেফটেন্যান্ট ওয়াসিফ আহম্মেদ খানকে মারধর করেন ইরফান সেলিমসহ তার সহযোগীরা।

ঘটনাস্থলে লোকজন জড়ো হলে গাড়ি ফেলে আসামিরা পালিয়ে যান। পরে পুলিশ এসে গাড়ি ও মোটরসাইকেলটি জব্দ করে থানায় নিয়ে যায়।

এ ঘটনায় পরদিন ভোরে ধানমণ্ডি থানায় ভুক্তভোগী নৌবাহিনীর কর্মকর্তা লেফটেন্যান্ট ওয়াসিফ বাদী হয়ে একটি মামলা করেন।

ওই মামলায় ইরফান সেলিম, তার দেহরক্ষী জাহিদ ও ডেভেলপারস

প্রতিষ্ঠানের প্রটোকল অফিসার এবি সিদ্দিক দিবু ও গাড়িচালক মিজানুর রহমানসহ অজ্ঞাত আরও তিনজনকে আসামি করা হয়।

ওই দিনই পুরান ঢাকার বড় কাটরায় ইরফানের বাবা হাজী সেলিমের বাড়িতে দিনভর অভিযান চালায় র্যাব। এ সময় র্যাবের ভ্রাম্যমাণ আদালত মাদক রাখার দায়ে ইরফান সেলিমকে এক বছর কারাদণ্ড দেন। ইরফানের দেহরক্ষী মো. জাহিদকে ওয়াকিটকি বহন করার দায়ে দেন ছয় মাসের সাজা।

কুষ্টিয়ায় ডায়াবেটিস সচেতনতা দিবস পালিত

‘প্রতিরোধে বাঁচবে জীবন’ এই স্লোগানে কুষ্টিয়ায় ডায়াবেটিস সচেতনতা দিবস পালিত হয়েছে।
গতকাল রোববার সকাল ১০টায় কুষ্টিয়া ডায়াবেটিক সমিতি ও মুজিবুর রহমান মেমোরিয়াল ডায়াবেটিক হসপিটালের আয়োজনে দিবসটি পালন করা হয়েছে।
দিবসটি উপলক্ষে কুষ্টিয়া মুজিবুর রহমান মেমোরিয়াল ডায়াবেটিক হসপিটাল চত্বরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
আলোচনা সভায় কুষ্টিয়া ডায়াবেটিক সমিতি ও মুজিবুর রহমান মেমোরিয়াল ডায়াবেটিক হসপিটালের সভাপতি মতিউর রহমান লাল্টু সভাপতিত্ব করেন।
সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম। আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন, ‘ডায়াবেটিস রোগ হলে আমরা খুব ভীত হয়ে পড়ি। এটা থেকে আমাদের বিরত থাকতে হবে। মানুষের ডায়াবেটিস হতেই পারে, এতে বিচলিত না হয়ে ডাক্তারের পরামর্শে সচেতনভাবে চলতে হবে। ডায়াবেটিস রোগ বৃদ্ধি রোধে সবাইকে অনেক সচেতন হতে হবে।
জেলা প্রশাসক আরও বলেন, ‘প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমাদের জন্য করোনাভাইরাসের টিকা এনেছেন। তাই সবাইকে করোনাভাইরাসের টিকা নেওয়ার আহ্বান জানাই।’
এতে আরও বক্তব্য দেন হাসপাতালের সাধারণ সম্পাদক মোশফিকুর রহমান